বাংলাদেশ ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক খবর

27

তারিখ 02 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 6

# বাজেটে শিক্ষা খাতকে সর্বোচ্চ স্থান দেয়ার জোর দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান) দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, বাজেটে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির সকল 'গণবিরোধী' প্রস্তাব বাতিল এবং বাজেটে শিক্ষা খাতকে সর্বোচ্চ স্থান দেয়ার জোর দাবী জানিয়েছে।

সমিতির সভাপতি কামরুজ্জামান ও

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## বাজেটে শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

সাধারণ সম্পাদিকা হেনা দাস এক বিবৃতিতে বলেন, রাষ্ট্রপতি কর্তৃক শিক্ষকদের কিছু দাবী পূরণের প্রতিশ্রুতির প্রেক্ষিতে কয়েক দিন আগে সরকারী উচ্চ মহলের সাথে তথাকথিত কিছু শিক্ষক নেতার অনুষ্ঠিত আলোচনার প্রতি আমাদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। আমরা মনে করি, পয়লা জুলাই থেকে বেসরকারী শিক্ষকদের শতকরা দশ ভাগ মহার্ঘ ভাতা প্রদান এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণী কর্মচারীদের স্কেলের আওতাভুক্তকরণের পদক্ষেপ শিক্ষক-কর্মচারীদের দীর্ঘ দিনের আন্দোলনেরই আংশিক বিজয়। কিন্তু ক্ষোভের বিষয় যে, চারের মুখে মাঝে মাঝে অর্থের অঙ্ক বৃদ্ধি করলেও সরকার মূল দাবী বৈষম্য দূরীকরণের বিষয়টি উপেক্ষা করে আসছেন। আবার মহার্ঘ ভাতা দেয়ার আগেই দফায় দফায় দ্রব্যমূল্য বাড়ানো হচ্ছে এবং আসন্ন বাজেটে গ্যাস-বিদ্যুৎসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির পাঁয়তারা চলছে।